# ইরানের চলমান আন্দোলনে নিহতের সংখ্যা বেড়ে ২ হাজার ৪০০-এর বেশি



সংগৃহীত ছবি

ইরানে সরকারবিরোধী আন্দোলন ক্রমেই সহিংস রূপ নিচ্ছে। যুক্তরাষ্ট্রভিত্তিক মানবাধিকার পর্যবেক্ষক সংস্থা এইচআরএএনএর হিসাবে, গত ডিসেম্বরের শেষ দিকে শুরু হওয়া বিক্ষোভে এখন পর্যন্ত প্রাণ হারিয়েছেন কমপক্ষে ২ হাজার ৪০৩ জন। সিএনএন তাদের এক প্রতিবেদনে এই তথ্য তুলে ধরেছে।

সংস্থাটি জানিয়েছে, নিহতদের মধ্যে অন্তত ১২ জন শিশু ও কিশোর রয়েছে। একই সময়ে দেশজুড়ে ১৮ হাজারের বেশি মানুষকে আটক করা হয়েছে। সর্বশেষ তথ্য অনুযায়ী, আগের তুলনায় হতাহতের সংখ্যা দ্রুত বাড়ছে। তবে ইরানে দীর্ঘদিন ধরে ইন্টারনেট সীমিত থাকায় প্রকৃত পরিস্থিতি আরও ভয়াবহ হতে পারে বলে মনে করছেন সংশ্লিষ্টরা। সিএনএনও বলেছে, তারা এই পরিসংখ্যান আলাদাভাবে যাচাই করতে পারেনি।

এদিকে রয়টার্সকে দেওয়া এক বিবৃতিতে ইরানের এক সরকারি কর্মকর্তা স্বীকার করেছেন, সাম্প্রতিক অস্থিরতায় প্রায় দুই হাজার মানুষের মৃত্যু হয়েছে, যাদের মধ্যে নিরাপত্তা বাহিনীর সদস্যও আছেন।

আন্দোলন শুরুর পর এটিই ছিল সরকারের পক্ষ থেকে প্রথম বড় পরিসরের প্রাণহানির কথা স্বীকার। ওই কর্মকর্তা দাবি করেন, আন্দোলনকারীদের একটি অংশ সহিংস কর্মকাণ্ডে জড়িত ছিল এবং মৃত্যুর পেছনে তারাই দায়ী। তবে নিহতদের বিস্তারিত পরিচয় বা সংখ্যাগত বিভাজন প্রকাশ করা হয়নি।

LENS ASIA